



প্রেস বিজ্ঞপ্তি

২৩ মার্চ ২০১৮

ব্লাস্টের বোর্ড অব ট্রাস্টির সদস্য ও সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী এডভোকেট জেড আই খান পান্নার উপর হামলার ঘটনায় ব্লাস্ট গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জ্ঞাপন করছে এবং দোষী ব্যক্তিদের শাস্তি নিশ্চিত করার দাবী জানাচ্ছে

গত ২২ মার্চ ২০১৮ তারিখ ব্লাস্টের বোর্ড অব ট্রাস্টির সদস্য ও সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী জনাব জেড আই খান পান্নার উপর হামলার ঘটনায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। পাশাপাশি দোষী ব্যক্তিদের শাস্তি নিশ্চিত করার দাবী জানাচ্ছে।

প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, গত ২২শে মার্চ ২০১৮ইং তারিখ রাত ১১টায় সিনিয়র এডভোকেট জনাব জেড আই খান পান্না তার কলাবাগানস্থ বাসভবন থেকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার সমিতি ভবনের উদ্দেশ্যে রওনা হন। যাত্রাপথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টি,এস,সি মোড়ে তার গাড়িকে লক্ষ্য করে অজ্ঞাতনামা কিছু আততায়ী বড় কংক্রিট নিক্ষেপ করে। সেই কংক্রিট এর আঘাতে গাড়ির কাচ ভেঙে তার শরীরে লাগলে তিনি গুরুতর আহত হন। আহত অবস্থায় তাকে সুপ্রীম কোর্ট বার ভবনে এবং পরবর্তীতে চিকিৎসা গ্রহণের জন্য নিকটস্থ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়।

এডভোকেট জেড আই খান পান্না বীর মুক্তিযোদ্ধা এবং প্রথিতযশা মানবাধিকার কর্মী। তিনি বর্তমানে বাংলাদেশ বার কাউন্সিলের লিগ্যাল এইড এন্ড হিউম্যান রাইটস কমিটির চেয়ারম্যান এবং বাংলাদেশ প্রেস কাউন্সিলের একজন সদস্য। তার উপরে এ ধরনের হামলার ঘটনা উদ্বেগজনক এবং তা দেশের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা।

ব্লাস্ট এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং ঘটনার সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তির বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবি জানাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd